



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সেপ্টেম্বর মাসের বন্যাকে একটি মুখ্য দুর্ভোগ হিসেবে অনুমোদন করার কথা ঘোষণা করলেন

এই ঘোষণা, কিংস, নাসাউ এবং ওয়েস্টচেস্টার কাউন্টির স্থানীয় প্রশাসনের জন্য তহবিল প্রদান করবে

রাবিশ অপসারণ, প্রতিরোধমূলক ব্যবস্থা এবং মেরামত সহ, বন্যা-সংক্রান্ত ক্ষয়ক্ষতির জন্য স্থানীয় প্রশাসন সরকারি সহায়তা পাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ভারী ঝড়বৃষ্টির ফলে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত দক্ষিণ পূর্ব অঞ্চলের সম্প্রদায়সমূহকে ফেডারেল সহায়তা প্রদান করতে রাষ্ট্রপতি বাইডেনের কাছে তার করা মুখ্য দুর্ভোগ ঘোষণার (Major Disaster Declaration) অনুরোধটি অনুমোদিত হয়েছে। এই ঘোষণাটি কিংস, নাসাউ এবং ওয়েস্টচেস্টার কাউন্টির রাবিশ অপসারণ, আপেক্ষিকালীন প্রতিরোধমূলক ব্যবস্থা এবং সরকারি ভবন ও অবকাঠামোর মেরামতের জন্য সহায়তা সহ পুনরুদ্ধার এবং পুনর্নির্মাণে সহায়তায় ফেডারেল সহায়তা পাবে। এছাড়াও নিউ ইয়র্ক ইতিমধ্যে, কিংস এবং নাসাউ কাউন্টিতে বাড়ি এবং ব্যবসার মালিকদের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের (U.S. Small Business Administration, SBA) থেকে স্বল্প সুদে পুনরুদ্ধার ঋণের [ব্যবস্থা নিশ্চিত করেছে](#)।

“নিউ ইয়র্কের মানুষদের সহায়তা করার জন্য ফেডারেল সহায়তার প্রতিটি দলার যাতে কাজে লাগে তা নিশ্চিত করার জন্য আমি প্রতিশ্রুতিবদ্ধ,” বলেছেন গভর্নর হোকল। “সেপ্টেম্বর মাসের ধ্বংসাত্মক ঝড়ের কারণে উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতি হয়েছে এবং সম্প্রদায়গুলিকে পুনরুদ্ধার এবং পুনর্গঠনের সহায়তা করতে আমরা আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখব।”

একটি মুখ্য দুর্ভোগের ঘোষণা ফেডারেল সরকার থেকে আর্থিক সহায়তা সুরক্ষিত করে, প্রাথমিকভাবে FEMA-এর সরকারি সহায়তার কর্মসূচী-এর মাধ্যমে স্থানীয় সরকারগুলি, উপজাতি এবং যোগ্য অলাভজনক সংস্থাদের রাবিশ অপসারণ, সুরক্ষামূলক ব্যবস্থা, এবং ভবন ও রাস্তা, ব্রিজ, জল ও বর্জ্যপানি পরিশোধনের ফ্যাসিলিটি, অতি গুরুত্বপূর্ণ পরিকাঠামোর সাইট, স্কুল, পার্ক ও অন্যান্য ফ্যাসিলিটি সহ পরিকাঠামোর মেরামতের জন্য তহবিল প্রদান করবে

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি পরিষেবার বিভাগের (New York State Division of Homeland Security and Emergency Services) কমিশনার জ্যাকি ব্রে

বলেছেন, “নিম্ন হাডসন উপত্যকা, নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড বরাবর সম্প্রদায়গুলি, সেপ্টেম্বরের শেষের ঐতিহাসিক বৃষ্টিপাত এবং বন্যায় বিধ্বস্ত হয়ে গেছে। গভর্নর হোকল এবং প্রেসিডেন্ট বাইডেনের নেতৃত্বের জন্য ধন্যবাদ, একটি শক্তিশালী পুনরুদ্ধারে সমর্থন পেতে এই সম্প্রদায়গুলির এখন তাদের প্রয়োজনীয় ফেডারেল তহবিলে প্রবেশাধিকার থাকবে।”

2023 সালের সেপ্টেম্বর 29 তারিখে 24-ঘণ্টার সময়কালে ব্রুকলিনে আট ইঞ্চির বেশি বৃষ্টিপাত হয়েছে এবং নাসাউ ও ওয়েস্টচেস্টার কাউন্টিগুলির কিছু অংশে ছয় ইঞ্চির বেশি বৃষ্টিপাত হয়েছে। গভর্নর হোকল 29 সেপ্টেম্বরে পুরো নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং মিড-হাডসন অঞ্চলের জন্য [স্টেটের আপেক্ষিক পরিস্থিতির](#) ঘোষণা করেন, কারণ ভারি বৃষ্টিপাত শহরতলির অঞ্চলকে ক্ষতিগ্রস্ত করেছে। ঝড়ের আগাম, গভর্নর হোকল রাজ্যের এজেন্সিগুলিকে জরুরি প্রতিক্রিয়ার সম্পদগুলি প্রস্তুত করার এবং আবহাওয়ার প্রভাবগুলি নিরীক্ষণ করতে এবং স্থানীয় সরকারগুলির সাথে অবিচ্ছিন্ন যোগাযোগে থাকতে সহায়তার জন্য অনুরোধগুলিতে সাড়া দেওয়ার [নির্দেশ দিয়েছিলেন](#)।

স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
[ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস](#) (DHSES) বিপর্যয় এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার এবং প্রশমিত করার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে থাকে। আরো তথ্যের জন্য [ফেসবুকে](#), [ইন্সটাগ্রাম](#) এবং [X](#) (পূর্বে Twitter হিসেবে পরিচিত) এ [@NYS DHSES](#) ফলো করুন অথবা ভিজিট করুন [dhSES.ny.gov](#)।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে [www.governor.ny.gov](#)
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](#) | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](#) | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)